

ঐক্য ঠিক মার্কিন নিয়ম

অরুণ জেটলি

বিরোধী দলনেতা, রাজ্যসভা

গুজরাতে ২০০২-এর দাঙ্গা নিয়ে আদালত সিট-এর রিপোর্ট গ্রহণ ও প্রতিবাদীদের আবেদন খারিজ করে গতকাল যে রায় দিয়েছে তা সকলের কাছেই অত্যন্ত গুরুত্বপূর্ণ শিক্ষণীয় বিষয়। প্রকৃত ঘটনা অন্য হলেও মিথ্যা প্রচার যে একজনকে কতটা ছোট করে দেখাতে পারে তা স্পষ্ট হয়েছে। নরেন্দ্র মোদীকে জড়িয়ে ভুল অভিযোগ এনে এক শ্রেণির সংবাদমাধ্যম ও কয়েকটি এনজিও-র বাড়বৃদ্ধি হয়েছে। এই ইস্যুতে কীভাবে একজন রাজনীতিকের সততা নষ্ট করা হয়েছে তা নিয়ে আত্মসমীক্ষা করা প্রয়োজন। এক প্রধান বিচারপতি সবদিক খতিয়ে না দেখে অযৌক্তিকভাবে তাঁকে "নিরো " বলে মন্তব্য করেন। তিনি কি এখন তাঁর কথা ফিরিয়ে নেবেন? এক গণমাধ্যমের সম্পাদক চরম মনোভাব প্রকাশ করে গণ-ঘাতক বলে অভিহিত করেন। কয়েকটি বিদেশি রাষ্ট্র ভারতের বন্ধু হলেও নিজেদের "ক্যাণ্ডারু কোর্ট"-এ বিচার করে মোদীকে দোষী বলে প্রচার করার নিদান দেয়। ২০০২-এর দাঙ্গা নিয়ে মোদীকে যে সুদীর্ঘ তদন্ত প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হয়েছে স্বাধীনতা পরবর্তী কোনও ভারতীয় রাজনীতিককে সেরকম প্রতিকূল অবস্থায় পড়তে হয়নি। দেশের শীর্ষ আদালত তাঁর বিরুদ্ধে তদন্তের তত্ত্বাবধান করেছে। তদন্তের কাজে নিযুক্ত করা হয় সেরা অফিসারদের। তদন্তকারী দল কয়েকশো সাক্ষীকে জিজ্ঞাসাবাদ করেছে। মুখ্যমন্ত্রীকে নয় ঘণ্টা জেরা করেছে সিট। সুপ্রিম কোর্টের তত্ত্বাবধানে তদন্ত করে সিট যখন ক্লিনচিট দিয়েছে, তখন আদালত বন্ধুর মতামত ও প্রতিবাদীর আবেদন পত্র জমা পড়েছে এবং এক বিচার-মনস্ক ব্যক্তি পুরো বিষয়টি খতিয়ে দেখেছেন। আইনি প্রক্রিয়া শেষে আদালত রায় দিয়ে বলেছে মোদীর বিরুদ্ধে একটাও প্রমাণ মেলেনি।

এই ইস্যুতে মার্কিন যুক্তরাষ্ট্রের অভিমত কী? ২০০৫-এর পর মোদী মার্কিন ভিসার জন্য আবেদন করেননি। আমি ব্যক্তিগত ভাবে তাঁকে মার্কিন ভিসার জন্য আবেদন না করার পরামর্শ দিয়েছি।

এই ইস্যুতে আমেরিকার অবস্থান যে তাদের "ক্যাণ্ডারু কোর্ট"-এর নির্ধারিত বয়ান অনুসারেই তা স্পষ্ট। তদন্ত এবং পুনরায় তদন্ত করেও তাঁর বিরুদ্ধে কোনও প্রমাণ পাওয়া না গেলেও মোদীকে দোষী প্রচার করার মধ্যে অপরিণত কূটনীতির স্বাক্ষর মেলে। এটা ভারতের অভ্যন্তরীণ বিষয়ে নাক গলানোর সামিল। ক্ষীণদৃষ্টি সম্পন্ন আমেরিকার এই অবস্থান তাদের দিকেই ঘুরে যাওয়ার সম্ভাবনা রয়েছে। পারস্পরিক প্রতিক্রিয়া জানানোর ক্ষেত্রেও একটা নজির গড়া হল। নিজেদের তৈরি জালে

জড়িয়ে আমেরিকানরা দেখালেন কীভাবে কোণঠাসা হতে হয়।